

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৩৯

আগরতলা, ১৮ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
উত্তর ত্রিপুরা জেলায় লাইসেন্সপ্রাপ্ত
আগ্নেয়াস্ত্র জমা দেওয়ার নির্দেশ

লোকসভা নির্বাচন ২০২৪ উপলক্ষে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক এক আদেশে জেলায় সমস্ত লাইসেন্স প্রাপ্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ আগামী ২৩ মার্চ, ২০২৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট থানায় জমা দেওয়ার নির্দেশ দিয়েছেন। আর্মস অ্যাক্ট ১৯৫৯ মোতাবেক জেলাশাসক এই আদেশ জারি করেছেন। তবে কর্মরত অবস্থায় পুলিশ, টিএসআর, সিআরপিএফ, আর্মড ফোর্সেস, অস্ত্র সহ ফরেস্ট গার্ডের ক্ষেত্রে এবং ব্যাঙ্ক, এসআইএস ক্যাশ সার্ভিস প্রাইভেট লিমিটেড ও আইওসিএল-এ আগ্নেয়াস্ত্র সহ কর্মরত অবস্থায় থাকা নিরাপত্তা রক্ষীদের ক্ষেত্রে এই নির্দেশ প্রযোজ্য হবে না। এই আদেশ অমান্য করলে আইপিসির ১৮৮ ধারায় তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। আদেশে বলা হয়েছে, নির্বাচন প্রক্রিয়া শেষ হলে সংশ্লিষ্ট থানা থেকে ৭দিনের মধ্যে আগ্নেয়াস্ত্রগুলি ফিরিয়ে দেওয়া হবে।
